উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৩৫তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ১০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.০০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদের সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের ফেব্রুয়ারি/২০২২ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
০১	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান, কোভিড-১৯ ভ্যাকসিনেশন ১ম ডোজের কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। এ উপজেলার ২,১৫,০০০ জনকে (মোট জনসংখ্যার ৭৫.১%) ১ম ডোজ টিকা দেওয়া হয়েছে। ৩০ মার্চের মধ্যেই ২য় ডোজ প্রদান কার্যক্রম সম্পন্ন করতে হবে। এজন্য তিনি সকল ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যগণের আন্তরিক সহযোগিতা কামনা করেন। এছাড়াও ভ্যাকসিন কার্যক্রম চলাকালীন হাসপাতালে পর্যাপ্ত পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করার জন্য তিনি অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা-কে অনুরোধ জানান। তিনি জানান, স্কুল শিক্ষার্থীদের ২য় ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান যে, ৪২তম বিসিএস এর মাধ্যমে নতুন ১০জন চিকিৎসক যোগদান করায় বর্তমানে হাসপাতালে চিকিৎসক সংকট এর সমাধান হয়েছে। হাসপাতালের সার্বিক অবস্থা ভাল। প্রতিদিন ভর্তি রোগীর সংখ্যা ৪৫-৫০ জন, বহিঃবিভাগে সেবা গ্রহীতা সংখ্যা ৩৫০-৪০০ জন। হাসপাতালের অন্যান্য সকল কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে বলে তিনি সভায় জানান।	১। টিকাদান কর্মসূচিতে ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ সার্বিক সহযোগিতা প্রদান করবেন। ২। টিকা প্রদান কার্যক্রম চলাকালে হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য মোতায়েন করার বিষয়ে অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা ব্যবস্থা গ্রহণ করবেন। ৩। শিক্ষা প্রতিষ্ঠানে টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। ৪। হাসপাতালে স্বাভাবিক চিকিৎসা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাজিতপুর। ২। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর। ৪। উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর। ৫। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর।
০২	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মাইজপাড়া খাস পুকুর পুনঃখনন স্কীমের আওতায় ১ম কিস্তির ৩,১২,৫০০/- (তিনলক্ষ বার হাজার পাঁচশত) টাকার বরাদ্ধ পাওয়া গিয়েছে। এ মাসেই কার্যক্রম শুরু করা হবে। তিনি এ কাজে সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। এ ছাড়া তার অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে এবং কোন সমস্যা নেই মর্মে সভায় জানান।	মাইজপাড়া খাস পুকুর পুনঃখনন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাজিতপুর।
০৩	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। ইউরিয়া : ১৯ মে.টন, টিএসপি: ২০ মে.টন, এমওপি: ২০ মে.টন, ডিএপি: ৮০ মে.টন মজুদ রয়েছে। মাঠে ফসলের বর্তমান অবস্থা ভাল এবং রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান করছেন।	ফসল উৎপাদনে কৃষকদের সার্বক্ষণিক পরামর্শ ও সহযোগিতা প্রদান করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা, বাজিতপুর।
০৪	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহ চূড়ান্ত বাস্তবায়নের প্রেক্ষিতে পরিশোধের জন্য অর্থ বরাদ্দ পাওয়া গিয়েছে: ১। কোভিড-১৯ মোকাবেলায় বাজিতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২০টি বেড সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম সরবরাহকরণ- ১০,৭২,২১০/-	১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের বিল বাবদ (ভ্যাট ও আয়কর বাদে) সর্বমোট ২৯,৪৫,০৪৯/- টাকা ঠিকাদারকে পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।

CamScanner

		২। বাজিতপুর উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ব্যঞ্চ সরবরাহ- ১৮,৭২,৮৩৯/- তিনি উপরোক্ত বাস্তবায়িত প্রকল্পসমূহের বিল ঠিকাদারকে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরো জানান যে, বাজিতপুর উপজেলা পরিষদ কমপ্লেক্সের বাসাবাড়ি ও বিভিন্ন দপ্তরের জুন/২০১৫ হতে নভেম্বর/২০২১ মাস পর্যন্ত পানির বিল বাবদ বাজিতপুর পৌরসভা কার্যালয় হতে দাখিলকৃত সর্বমোট ১,৬৩,৬৮০/- টাকা পরিশোধের জন্যও সভায় প্রস্তাব করেন।	২। বাজিতপুর উপজেলা পরিষদ কমপ্লেক্সের বাসাবাড়ি ও বিভিন্ন দপ্তরের জুন/২০১৫ হতে নভেম্বর/২০২১ মাস পর্যন্ত পানির বিল বাবদ সর্বমোট ১,৬৩,৬৮০/- টাকা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৫	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ফেব্রুয়ারি/২২খ্রি. মাসের কার্যক্রম উপস্থাপন করেন-স্থায়ী পদ্ধতি ঃ মহিলা-২৭জন, পুরুষ-নাই। দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যানন-৭৭জন, আইইউডি-০৭জন, অস্থায়ী পদ্ধতি (বিতরন): খাবার বড়ি ২০৯৯০ জন, কনডম: ৩৬৬৭ জন, ইনজেকশন: ৪২৫২জন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারীর সংখ্যা ৩৫টি। সি.এ.বি.এ/পরিবার কল্যাণ সহকারী দ্বারা বাড়িতে ডেলিভারীর সংখ্যা ২০টি। ইহা ছাড়া আর ও গর্ভবর্তী, প্রসূতি সেবা, কিশোর-কিশোরী, ০-৫ বছরের শিশু সেবা, সাধারণ রোগী, জন্ম নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনা অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।	মাঠ পর্যায়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিয়ন্ত্রণাধীন কর্মচারীবৃন্দের কর্মতৎপরতা নজরদারিতে রাখতে হবে এবং জনগণের কাঙ্খিত সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।
০৬	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি আমন সংগ্রহ চলমান আছে। বাজিতপুর উপজেলার লক্ষ্যমাত্রা ৮৯৫.৩২০ মে.টন এর মধ্যে ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ৮৯৫.৩২০ মে.টন সংগ্রহ করা হয়েছে। ধান সংগ্রহে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও কৃষকগণের সাড়া পাওয়া যাচ্ছে না বিধায় ধান সংগ্রহ কার্যক্রম সফল করা যায়নি। উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচী চলতি মার্চ/২২ থেকে শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া করোনা পরিস্থিতিতে চাল ও আটার বাজার দর সহনীয় রাখার নিমিত্তে বাজিতপুর পৌরসভার তিনটি পয়েন্টে বিশেষ ওএমএস কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাজিতপুর উপজেলার ওএমএস এর তিনজন ডিলারকে অনিয়মের অভিযোগে ১,১৩,১০৩/- টাকা জরিমানা করা হয়েছে এবং জরিমানার অর্থ আদায় করে রাষ্ট্রীয় কোষাগারে জমা দেওয়া হয়েছে।	১। লক্ষ্যমাত্রা পূরণে খাদ্য সংগ্রহ কার্যক্রম গতিশীল করতে হবে। ২। ওএমএস কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর।
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১২-১৮ বছর বয়সী ১৭৮১২ জন শিক্ষার্থী কোভিড-১৯ এর প্রথম ডোজ টিকা গ্রহণ করেছে। ইতোমধ্যে প্রথম ডোজ টিকা গ্রহণকারীদের মধ্যে ১৬১১২ জন ২য় ডোজ টিকা গ্রহণ করেছে। অবশিষ্ট ১৭০৪ জন শিক্ষার্থীদের ২য় ডোজ গ্রহণ করতে পারেনি। তিনি অবশিষ্ট শিক্ষার্থীদের দ্রুত ২য় ডোজ টিকা প্রদানের জন্য অনুরোধ জানান। ২০২২ শিক্ষাবর্ষে বাজিতপুর উপজেলায় মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের চাহিদাকৃত ৩,৬১,৫১০টি বই বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৩ শিক্ষাবর্ষের জন্য সর্বমোট পাঠ্যপুস্তকের ৩,৬৮,৭১৫টি বইয়ের চাহিদাপত্র এনাসিডিটিতে প্রেরণ করা হয়েছে। গত ২২.০২.২০২২ তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে এবং স্বাস্থ্যবিধি ও ১১ দফা নির্দেশনা প্রতিপালন করে অনলাইন এবং অফলাইন উভয় প্রকার ক্লাস চালু আছে। এছাড়াও তার দপ্তরের অন্যান্য কর্মকাণ্ড সুন্দরভাবে এগিয়ে চলছে বলে তিনি সভায় জানান।	১। সকল শিক্ষার্থীকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান নিশ্চিত করতে হবে। ২। সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।
০৮	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাজিতপুর উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের" আওতায় গভীর নলকূপ, সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এবং কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট (সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ/পানির উৎস) এর অনুমোদিত স্থান তালিকা ইউনিয়ন ওয়াটসন কমিটি কর্তৃক নির্বাচন করে অতি দ্রুত উপজেলা ওয়াটসন কমিটি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ জানান। এখানে উল্লেখ্য যে, সকল ইউনিয়ন ওয়াটসন কমিটি কর্তৃক নির্বাচিত প্রেরিত স্থান তালিকা উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক	গভীর নলকূপ, সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এবং কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট (সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ/পানির উৎস) এর অনুমোদিত স্থান তালিকা ইউনিয়ন ওয়াটসন কমিটি কর্তৃক নির্বাচন করে অতি দ্রুত উপজেলা ওয়াটসন কমিটি বরাবর প্রেরণ করতে হবে।	১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর। ২। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর। ৩। ইউনিয়ন ওয়াটসন কমিটির সদস্যবৃন্দ, বাজিতপুর।

CamScanner

<table>
<tr><td></td><td></td><td>অনুমোদিত হতে হবে। উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক অনুমোদিত স্থান তালিকা ঠিকাদার না পেলে কাজ করতে পারবে না/কাজের গতি মন্থর হবে। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার জানান যে, ২০২০-২০২১ বর্ষের ১০৭টি সমবায় সমিতি নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ফেব্রুয়ারি/২২ মাসের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৮৫টি সমবায় সমিতির অডিট সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২০-২০২১ অর্থবছরের ধার্যকৃত অনাদায়ী নিরীক্ষা ফি ১৪০০/- টাকা, ভ্যাট ২২১/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৪১৯/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। তাছাড়া সমবায় বিভাগীয় ২৫টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষা ফি ৪৯১৫০/- টাকা, ভ্যাট ৭৩৭৯/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ১৪৮৫৪/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। ২০২০-২০২১ বর্ষের লক্ষমাত্রা অনুযায়ী ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ ১০০জন সমবায়ীর মধ্যে প্রদান করা হবে। ইতোমধ্যে ০২টি প্রশিক্ষণের মাধ্যমে ৫০ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে হচ্ছে।</td><td>বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার কার্যক্রমে অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপভাবে উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>টাকা/ জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৩৮৪০৬৪</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>মূল ঋণ বিতরণ</td><td>৩৪৮৮৬০০০</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>মূল ঋণ আদায়</td><td>২৮৮৫৯৫০১</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>আদায়ের হার</td><td>৯১%</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট খেলাপী ঋণ</td><td>২১৬৫৪৮৬/-</td><td>খেলাপী আদায়- ৯৭১৪০/- টাকা</td></tr>
<tr><td>০৭</td><td>মোটউপকার ভোগীর সংখ্যা</td><td>৯৭৮জন</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>চলমানউপকার ভোগীর সংখ্যা</td><td>২৯১জন</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট ঋণ সংখ্যা</td><td>১৪৬৩জন</td><td></td></tr>
<tr><td>১০</td><td>মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৬৩২জন</td><td></td></tr>
<tr><td>১১</td><td>মোট আত্মকর্মী সংখ্যা</td><td>৪৫৬১জন</td><td></td></tr>
<tr><td>১২</td><td>অনুমোদিত জনবল</td><td>০৭জন</td><td></td></tr>
<tr><td>১৩</td><td>বিদ্যমান জনবল</td><td>০৫জন</td><td></td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, উক্ত ব্যাংকে মোট সমিতি সংখ্যা- ৩২৪, মোট উপকারভোগীর সংখ্যা- ১৪৩৫৯ জন, জমাকৃত সঞ্চয়ের পরিমাণ ৫৮৯.৯১ লক্ষ টাকা, ঋণ বিতরণঃ ৪০১১.১৭ লক্ষ টাকা, ঋণ আদায়ঃ ২৪১৩.৯৫ লক্ষ টাকা, আদায়ের হার ৬৫%, মাঠে পাওনা ঋণঃ ১৯৭৩.৯৩ লক্ষ টাকা, খেলাপী ঋণঃ ৭৫৬.৩৯ লক্ষ টাকা। খেলাপী ঋণের হারঃ ৪৯% । অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালনার প্রচেষ্টা বিদ্যমান। উল্লেখ্য যে, আদায় বৃদ্ধির জন্য ক্র্যাশ প্রোগ্রাম চলমান। তবে ঋণ আদায় কার্যক্রম ফলপ্রসূ হওয়ার জন্য প্রশাসন, উপজেলা পরিষদ এবং প্রতিটি ইউনিয়ন পরিষদের সহযোগিতা প্রয়োজন।</td><td>খেলাপী ঋণ আদায়ে কর্মতৎপরতা বাড়াতে হবে। ঋণদান ও ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক বাজিতপুর।</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের ফেব্রুয়ারি/২২ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো</td><td>১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাজিতপুর।</td></tr>
</table>

CS CamScanner

		জানানা, মহিলাদের জন্য(আইজিএ প্রকল্পের) আয়বর্ধক প্রশিক্ষণের ১৩তম ব্যাচের ক্লাস চলমান। ২০২০-২০২১ অর্থ বছরের দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা পাচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ভাতাভোগীদের নিজস্ব হিসাব নম্বরে টাকা পাচ্ছে। বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে কোন মামলা পাওয়া যায়নি। স্থানীয়ভাবে কোন মামলা পাওয়া যায়নি। এছাড়াও ফেব্রুয়ারি/২২মাসে কোন বাল্য বিবাহের সন্ধান পাওয়া যায়নি। বাজিতপুর উপজেলার ১২টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। যাহা ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাশ করানো হয়। নিরাপদ দূরত্ব বজায় রেখে ক্লাস নেওয়া হচ্ছে।	২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে। ৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। ৪। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম যথানিয়মে পরিচালনা করতে হবে।	
১৩	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাজিতপুর সভায় জানান যে, ৫ম ধাপের অবকাঠামোর প্রজেক্ট প্রপোজাল পিএমইউতে পাঠানোর জন্য কাজ চলছে। ৪র্থ ধাপের বিলের কাজ চলছে। ৫ম ধাপের সিডি পাশ হয়েছে। উপজেলা কমিটির সভাগুলো হচ্ছে না। সভাগুলো যথাযথভাবে আয়োজন করার জন্য ইউডিএফ সভাপতি ও স্ব স্ব ডিপার্টমেন্টকে অনুরোধ করেন।	উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিতভাবে আয়োজন করতে হবে।	স্থানীয় কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ, বাজিতপুর।
১৪	উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা	উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, তার দপ্তরে মোট সমিতির সংখ্যাঃ ১৩৬টি, সদস্য সংখ্যাঃ ৭,২৬০ জন, ঋণ বিতরণঃ ১১৫.৮০ লক্ষ টাকা, ঋণ আদায়যোগ্যঃ ১১২.৩০ লক্ষ টাক,া ঋণ আদায়ের পরিমাণঃ ১১৭.৭৫ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ঃ ৯৭%, সঞ্চয় আদায়ের পরিমাণ ঃ ১৪.৩০ লক্ষ টাকা, মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ১১২০.২৫ লক্ষ টাকা, খেলাপীর পরিমাণঃ ৪৫৮.২৩ লক্ষ টাকা, প্রনোদনা ঋণ বিতরণ ঃ ৩৪.০০ লক্ষ টাকা। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে হচ্ছে।	ঋণদান ও ঋণ আদায় কার্যক্রম জোড়ালোভাবে পরিচালনা করতে হবে। তাছাড়া খেলাপী ঋণের টাকা আদায়ে বেশি তৎপর হতে হবে।	উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, বাজিতপুর।
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার কার্যালয় হতে উপজেলার বিভিন্ন প্রকল্পের ১০,৩৪,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমানে বকেয়ার পরিমাণ ১,২০,৫৫,০০০/- (এক কোটি বিশ লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা। বীর মুক্তিযোদ্ধা প্রকল্পে ২.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। খেলাপি ঋণ আদায়ের জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানবৃন্দকে সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন। মাঠ পর্যায়ে সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে বলে তিনি সভায় জানান। তিনি জানান, সহকারি ঋণ আদায়ে দায়েরকৃত সার্টিফিকেট মামলা ২৬টির মধ্যে ০২টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে মামলার সংখ্যা ২৪টি। সার্টিফিকেট মামলা সংক্রান্ত ঋণ আদায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে পরিচালিত হচ্ছে।	ঋণদান ও ঋণ আদায় কার্যক্রম জোড়ালোভাবে পরিচালনা করতে হবে। তাছাড়া খেলাপী ঋণের টাকা আদায়ে বেশি তৎপর হতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাজিতপুর।
১৬	চেয়ারম্যান বলিয়ারদী ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, বলিয়ারদী ইউনিয়ন পরিষদ সভায় প্রথমেই বলিয়ারদী ইউনিয়ন কবরস্থানে যাতায়াতের রাস্তায় ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী দেয়াল নির্মাণের বিষয়ে সৃষ্ট সমস্যার বিষয়ে সমাধান দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো বলেন, বলিয়ারদী ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী দেয়াল নির্মাণের ক্ষেত্রে কেন্দ্রটির সামনে স্থাপিত কয়েকটি দোকান নিয়ে জটিলতা সৃষ্টি হতে পারে। তিনি এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানান।	দোকানের জন্য বলিয়ারদী পরিবার কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী দেয়াল নির্মাণে সমস্যা সৃষ্টি হলে বলিয়ারদী ইউপি চেয়ারম্যান উক্ত বিষয়ে নোটিশ জারীর মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করবেন। ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নোটিশে সমস্যার সমাধান না হলে উপজেলা প্রশাসন এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।	চেয়ারম্যান, বলিয়ারদী ইউপি
১৭	বিবিধ	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উত্তোলনের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে অনুমোদন পাওয়া গেছে। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়িতে টায়ার, টিউবসহ অন্যান্য যন্ত্রাংশ সংযোজনসহ জীপগাড়িটি মেরামতের জন্য উপজেলা পরিষদের জীপগাড়ি চালক জনাব মোঃ তৌফিকুল ইসলাম কর্তৃক স্বাক্ষরিত একটি আবেদন পাওয়া গিয়েছে।	১। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উত্তোলনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর।

CamScanner

	জীপগাড়িতে প্রয়োজনীয় যন্ত্রাংশ সংযোজন ও মেরামতের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে। তবে সেক্ষেত্রে টাকা উত্তোলনের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন প্রয়োজন মর্মে তিনি সভায় জানান।	২। উপজেলা পরিষদের জীপগাড়িতে যন্ত্রাংশ সংযোজন ও মেরামত সংক্রান্ত আবেদন পত্রটি প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	

পরিশেষে সভাপতি বলেন যে, উপজেলা পরিষদের সকল দপ্তরের প্রধানগণ ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাবৃন্দ যদি সমন্বয়ের মাধ্যমে দাপ্তরিক কাজকর্ম পরিচালনা করেন, তাহলে পরিষদের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বাজিতপুরের উন্নয়নে ভূমিকা রাখবে। তাছাড়াও উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪-২৭৫ তারিখঃ ১৫.০৩.২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....

১৫.০৩.২২

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

১৫.৩.২২

CamScanner